

## সুবীর চৌধুরী আর নেই



বেঙ্গল গ্যালারি অব ফাইন আর্টসের পরিচালক ও বেঙ্গল ফাউন্ডেশনের অন্যতম ট্রাস্টি সুবীর চৌধুরী গতকাল সোমবার সকালে অস্ট্রেলিয়ার সিডনিতে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। তাঁর বয়স হয়েছিল ৬১ বছর। তিনি মস্তিষ্কের শিরায় ক্যানসারজনিত জটিলতায় ভুগছিলেন। তিনি স্ত্রী, এক পুত্র, এক কন্যা এবং অগণিত বন্ধু ও সুহৃদ রেখে গেছেন।

সুবীর চৌধুরী বাংলাদেশের চিত্রকলা আন্দোলনকে সঞ্জীবিত ও দেশে-বিদেশে বাংলাদেশের চিত্রকলার পরিচিতির জন্য নিরন্তর কাজ করেছেন এবং বহু প্রদর্শনীর আয়োজন করেছেন। ঢাকা এশীয়

দ্বিবার্ষিক চারুকলা প্রদর্শনীর আয়োজন ও সূষ্ঠা ব্যবস্থাপনায় তাঁর অবদান স্মরণীয় হয়ে আছে।

সুবীর চৌধুরী গত ১৬ মার্চ অস্ট্রেলিয়ার তিনটি শহরে বাংলাদেশের সমকালীন শিল্পীদের ‘জন্মভূমির গান’ শীর্ষক একটি প্রদর্শনীর ব্যবস্থা করে ১০ সদস্যের একটি দল নিয়ে অস্ট্রেলিয়ায় যান। ক্যানবেরায় প্রদর্শনীর উদ্বোধনী দিনে তিনি আকস্মিক অসুস্থ হয়ে পড়েন। শারীরিক পরীক্ষার পর তাঁর মস্তিষ্কে টিউমার ধরা পড়ে।

বেঙ্গল গ্যালারি সূত্র জানায়, সুবীর চৌধুরীর একমাত্র পুত্র স্থপতি ইমন চৌধুরী উচ্চতর শিক্ষার জন্য ব্রিসবেনে থাকায় তিনি মৃত্যুর সময় পিতার শয্যাপাশে ছিলেন। এ ছাড়া ক্যানবেরা, মেলবোর্ন ও সিডনির অগণিত বাঙালি তাঁর সেবা করেছেন।

সুবীর চৌধুরী ১৯৫৩ সালের ২২ ফেব্রুয়ারি জামালপুরে জন্মগ্রহণ করেন। ষাটের দশকে আইয়ুববিরোধী আন্দোলনকালে তিনি কারারুদ্ধ হন। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ সংগঠনে ভূমিকা রাখেন। তিনি ১৯৭৪ সালে চারু ও কারুকলা ইনস্টিটিউট থেকে স্নাতক ডিগ্রি অর্জন করেন। ১৯৭৫ সালে তিনি বাংলাদেশ শিল্পকলা একাডেমীর চিত্রকলা বিভাগে সহকারী পরিচালক হিসেবে যোগ দেন এবং পরবর্তীকালে পরিচালক হন। ২০০৪ সালে তিনি বেঙ্গল গ্যালারিতে যোগ দেন। তিনি দেশে-বিদেশে অগণিত প্রদর্শনীর আয়োজন করেন এবং বহু উল্লেখযোগ্য সূচারু আর্ট ক্যাম্পের সামগ্রিক ব্যবস্থাপনায় হয়ে ওঠেন একজন অসামান্য সংগঠক। তাঁর মৃত্যুতে সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর শোক প্রকাশ করেছেন এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন।